

বাতাসের চেয়ে দ্রুত উষ্ণ হচ্ছে হৃদ, দাবি নাসার

ওয়াশিংটন, ২৮ নভেম্বর: বাতাসের থেকেও তাড়াতাড়ি গরম হচ্ছে বিশ্বের বিভিন্ন হৃদের জল। আর এর জন্য দায়ী বিশ্ব জুড়ে জলবায়ুর পরিবর্তন। নাসার সাম্প্রতিক একটি গবেষণা অন্তত এমনই ইঙ্গিত দিচ্ছে। নাসার দুই গবেষক ফিলিপ স্নাইডার এবং সাইমন হুক বিশ্বের ১৬৭টি হৃদ সম্পর্কে কৃত্রিম উপগ্রহের পাঠানো তথ্য বিশ্লেষণ করে এই সিদ্ধান্তে এসেছেন।

তারা দেখেছেন, ১৯৮৫ থেকে প্রতি দশকে গড়ে .৮৫ ডিগ্রি ফারেনহাইট করে জল গরম হয়েছে বিভিন্ন হৃদের। শুধু তাই নয়, প্রতি দশকে কিছু কিছু হৃদের জল ১.৮ ডিগ্রি ফারেনহাইট পর্যন্ত গরম হয়েছে। বিশ্ব উষ্ণায়নের সঙ্গে যার সরাসরি সম্পর্ক আছে বলেই দাবি করেছেন তারা। তারা দেখিয়েছেন, বাতাসের থেকেও দ্রুত গতিতে গরম হচ্ছে হৃদের জল। জিওফিজিক্যাল রিসার্চ লেটার্স-এ ওই গবেষণা পত্র প্রকাশিত হয়েছে।

— পি টি আই